কালের কণ্ঠ

তারিখ 13 SEP 2017
কলাম

# চবিতে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার আবেদন শুরু

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন কার্যক্রম শুরু হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের আইটি ভবনে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। আবেদন কার্যক্রম চলবে আগামী ৪ অক্টোবর রাত ১২টা পর্যন্ত। প্রতি ইউনিটে আবেদন ফি প্রতিবারের মতোই ৪৭৫ টাকা নির্ধারণ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সহযোগিতায় চারটি ইউনিটের মাধ্যমে আটটি অনুষদের অধীনে ৪৬টি বিভাগ ও পাঁচটি ইনস্টিটিউটে চার হাজার ১৮৯টি সাধারণ ও ৭৩৫টি কোটাসহ সর্বমোট চার হাজার ৯২৪টি আসনে অনলাইনে ছাত্র-ছাত্রী ভর্তির কার্যক্রম সম্পন্ন করা হবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এ বছর থেকে যুক্ত করা হয়েছে দুই অনুষদের অধীনে নতুন তিনটি বিভাগ। বিভাগ বাড়ায় বৃদ্ধি পেয়েছে আসন সংখ্যাও। সমাজবিজ্ঞান অনুষদের অধীনে ক্রিমিনোলজি, ডেভেলপমেন্ট স্টাডিজ এবং কলা ও মানববিদ্যা অনুষদের অধীনে বাংলাদেশ স্টাডিজ যুক্ত হয়েছে। সে হিসেবে বিশ্ববিদ্যালয়ে নতুন করে মোট বিভাগ ও ইনস্টিটিউটের সংখ্যা দাঁড়াল ৫১টিতে। এতে নতুন করে ১৩৩টি আসন বৃদ্ধি পেয়েছে।

'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ২৬ অক্টোবর; 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা ২৭ অক্টোবর; 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা ২৮ অক্টোবর; 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ২৯ অক্টোবর সকাল ১০টায় অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার আবেদনের বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকাসহ বিস্তারিত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে (http://admission.eis.cu.ac.bd) পাওয়া যাবে।

২০১৭ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল বিবেচনা করে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদনের যোগ্যতা বিভিন্ন অনুষদে কিছুটা শিথিল করা হয়েছে। এ বছর 'এ' ইউনিটে আবেদনের জন্য এসএসসি ও এইচএসসি দুটিতে আলাদা করে জিপিএ ৩ সহ মোট জিপিএ ৬.৫ থাকতে হবে। 'বি' ইউনিটে আবেদনের জন্য এসএসসি ও এইচএসসি দুটিতে আলাদা করে জিপিএ ২.২৫ সহ মোট জিপিএ ৫.৫ লাগবে। ব্যবসায় বিভাগে আবেদনের জন্য এসএসসি ও এইচএসসি দুটিতে আলাদা করে জিপিএ ৩ সহ মোট জিপিএ ৬.৫ থাকতে হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......................
তারিখ.......................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর